

প্রেস রিলিজ

০২ ডিসেম্বর ২০২৫

## বাউবিতে বেগম খালেদা জিয়ার সুস্থান্ত্র কামনায় কোরআন খতম ও দোয়া মাহফিল

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় গাজীপুর কেন্দ্রীয় জামে মসজিদে আজ ০২ নভেম্বর ২০২৫ তারিখ মঙ্গলবার বাদ যোহর আপসহীন দেশনেত্রী বেগম খালেদা জিয়ার সুস্থান্ত্র, দীর্ঘায়ু ও মঙ্গল কামনায় কোরআন খতম ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। কোরআন খতম শেষে দোয়া অনুষ্ঠানে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম গণতন্ত্র প্রতিষ্ঠায় বেগম খালেদা জিয়ার দীর্ঘ সংগ্রাম, জেল-জুলুম ও অসীম ত্যাগের কথা স্মরণ করে বক্তব্য রাখেন। তিনি বলেন, “বেগম খালেদা জিয়া দেশের তিনবারের প্রধানমন্ত্রী ও গণতান্ত্রিক আন্দোলনের প্রতীক। নানান নির্যাতন, ব্যক্তিগত শোক ও মৃত্যুরুকি সত্ত্বেও তিনি কখনো দেশ ত্যাগ করেননি বা নীতির সঙ্গে আপোষ করেননি। বর্তমানে তিনি গুরুতর অসুস্থ অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন। তাঁর সুস্থতার জন্য সারাদেশের বিভিন্ন ধর্মের মানুষ আন্তরিকভাবে দোয়া করছেন। সরকারও তাঁর চিকিৎসায় বিশেষ মনোযোগ দিচ্ছে”।

তিনি আরও বলেন, ‘বেগম খালেদা জিয়া শুধু একটি দলের নয়, বরং ১৮ কোটি মানুষের নেত্রী। আমরা আল্লাহর কাছে প্রার্থনা করি তিনি যেন সুস্থ হয়ে আমাদের মাঝে ফিরে আসেন। আবার দেশের সেবা করার সুযোগ পান এবং বাংলাদেশের গণতান্ত্রিক অগ্রগতি নিজ চোখে দেখতে পারেন’।

এ সময়ে বাউবির ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাম্মদ শামীম, রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক মোঃ আনিচুর রহমান, বিভিন্ন স্কুলের ডিন, বিভিন্ন বিভাগের পরিচালক ও বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে কর্মরত সর্বস্তরের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা এ দোয়া মাহফিলে শরিক হন। দেশনেত্রী বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনা করে বিশেষ মোনাজাত পরিচালনা করেন বাউবির কেন্দ্রীয় জামে মসজিদের খতিব হাফেজ মাওলানা আবুল কাশেম।

মো: খালেকুজ্জামান খান  
পরিচালক (ভারপ্রাপ্ত)